# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================

(১) শিলচর থেকে নবনির্বাচিত রাজ্যসভার সদস্য কণাদ পুরকায়স্থ সহ আসামের দুজন সাংসদ এবং আরো তিনজনের আজ শপথ গ্রহণ/

(২) ব্রহ্মপুত্রের উপর চিনের বাঁধ নির্মাণের ক্ষেত্রে ভবিষ্যত কর্মপন্থা সম্পর্কে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রীর আস্থা প্রকাশ/

(৩) বিচারপতি আশুতোষ কুমারের গুয়াহাটি হাইকোর্টের মুখ্য বিচারপতি হিসেবে শপথ গ্রহণ/

(৪) ২০২০ ব্যাচের আই এ এস ক্যাডার অভিষেক জৈনের হাইলাকান্দি জেলার নতুন আয়ুক্ত হিসেবে আজ কার্যভার গ্রহণ/

এবং

(৫) বরাক উপত্যকায় আজ যথাযোগ্য মর্যাদায় একুশে জুলাই ভাষা শহীদ দিবস পালন/

---

আসাম থেকে রাজ্যসভায় মনোনীত দুজন সদস্য সহ অন্য তিনজন মনোনীত্য সদস্যকে আজ পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করিয়েছেন রাজ্যসভার চেয়ারম্যান তথা উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় । আসাম থেকে নির্বাচিত বিজেপির কণাদ পুরকায়স্থ এবং অসম গণ পরিষদের বীরেন্দ্র প্রসাদ বৈশ্য আজ রাজ্যসভায় শপথ গ্রহণ করেছেন

। শিলচর থেকে নবনির্বাচিত সাংসদ কণাদ পুরকায়স্থ সংস্কৃত ভাষায় শপথ গ্রহণ করেছেন।

বাইট

---------

এছাড়া রাজ্যসভার সাংসদ হিসেবে আজ শপথ গ্রহণ করা অন্য সাংসদদের মধ্যে রয়েছেন- ডঃ মীনাক্ষী জৈন, সি. সদানন্দ মাস্টার এবং হর্ষবর্ধন শৃংলা । এছাড়া রাজ্যসভায় আজ বিগত অধিবেশনের পর দেহাবসান ঘটা সাতজন প্রাক্তন সাংসদের স্মৃতিতে শ্রদ্ধার্ঘ অর্পণ করা হয়েছে ।

---

'অপারেশন সিন্দুর' সম্পর্কে আলোচনার দাবী সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী পক্ষের সদস্যদের ধর্ণার জন্যে লোকসভার কাজকর্ম আজ বেলা দুটো পর্যন্ত স্থগিত থাকে । প্রথমবার কাজকর্ম স্থগিত থাকার পর বেলা বারোটা নাগাদ পুনরায় সভা আরম্ভ হলে কংগ্রেস, সমাজবাদী পার্টি, ডি এম কে সহ অন্যান্য দলের সদস্যরা তাদের দাবী নিয়ে সরব থাকেন । অধ্যক্ষ বিরোধী পক্ষের সদস্যদের নিজ নিজ আসন গ্রহণ করতে এবং শূন্যকালে আলোচনায় অংশ নেওয়ার আহ্বান জানান ।
এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সংসদের বর্ষাকালীন অধিবেশন ফলপ্রসূ হবে এবং এই অধিবেশনে হওয়া আলোচনা দেশের গণতান্ত্রিক ব্যবস্থাকে আরো সবল করে তুলবে বলে আশা প্রকাশ করেছেন । অধিবেশন শুরু হওয়ার পূর্বে আজ সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী মোদী বলেন যে- এই অধিবেশন দেশের জন্যে গৌরবের এবং আমাদের সামগ্রিক উদযাপনের উপলক্ষ । প্রধানমন্ত্রী আজ থেকে আরম্ভ হওয়া বর্ষাকালীন অধিবেশন সুষ্ঠুভাবে চালিয়ে নিয়ে যাওয়ার জন্য সহযোগিতা করতে সব দলের সাংসদদের প্রতি আহ্বান জানিয়েছেন ।

---

ব্রহ্মপুত্রের ওপর চীন বাঁধ নির্মাণের ক্ষেত্রে ভবিষ্যত কর্মপন্থা সম্পর্কে কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত গ্রহণ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । গৌহাটীতে পিয়ারলেসের একটি চিকিৎসালয় উদ্ভোধন  করার পর সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী একথা বলেন । তিনি বলেন যে কেন্দ্রীয় সরকার চীন কতৃপক্ষের সংগে বিষয়টি নিয়ে আলোচনা করবে । মুখ্যমন্ত্রী ব্রহ্মপুত্রের ওপর বাঁধ নির্মাণের ফলে আসামে

কতটুকু এর প্রভাব পড়বে সেবিষয়ে এখোনো বলা যায়না বলে জানান । বিষয়টি নিয়ে বিশেষজ্ঞদের দুই ধরণের মতামত রয়েছে বলে তিনি মন্তব্য করেন । ব্রহ্মপুত্রের অধিকাংশ জল অরুণাচল প্রদেশ , ভূটান , বৃষ্টি বা অন্য উৎস্য থেকে আসে বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে একাংশ বিশেষজ্ঞদের মতে বাঁধ নির্মাণের ফলে ব্রহ্মপুত্রের জল কমবে , রাজ্যের বন্যা সমস্যা হ্রাস পাবে ও অন্য একাংশ বিশেষজ্ঞদের মতে এর ফলে ব্রহ্মপুত্রের জল শুকিয়ে যাবে এরফলে রাজ্যের জৈব বৈচিত্রে এর প্রভাব পড়বে ।

---------------------------------------------------------------------------------------------

বিচারপতি আশুতোষ কুমার আজ গৌহাটী হাই কোর্টের মুখ্য বিচারপতি হিসেবে শপথ গ্রহণ করেন । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ সকালে গৌহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্য বিচারপতিকে পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করান ।বিচারপতি আশুতোষ কুমার এর আগে পাটনা হাই কোর্টের কার্যবাহী মুখ্য বিচারপতি হিসেবে কর্মরত ছিলেন । শপথ গ্রহণ অনুষ্ঠানে মূখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা , গৌহাটী হাইকোর্টের বিচারপতি , আইনজিবী ও প্রবীন আধিকারিকরা উপস্থিত ছিলেন । এদিকে গৌহাটী হাই কোর্টের কার্যবাহী বিচারপতি লানুচুংকুম জমিরকে কোলকাতা হাইকোর্টে ও বিচারপতি সুমন শ্যামকে বোম্বে হাই কোর্টে বদলি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

২০২০ ব্যাচের আই এস ক্যাডার অভিষেক জৈন হাইলাকান্দি জেলার নতুন জেলা আয়ুক্ত হিসেবে আজ কার্যভার গ্রহণ করেছেন । তিনি বিদায়ী জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের কাছ থেকে কার্যভার গ্রহণ করেন ।অভিষেক জৈন আগে দিসপুরে মুখ্যমন্ত্রীর সচিবালয়ে যুগ্ম সচিব হিসেবে কর্মরত ছিলেন । নতুন জেলা আয়ুক্তের কার্যভার গ্রহণ ও বিদায়ী জেলা আয়ুক্তের বিদায় সংবর্ধনা উপলক্ষে আজ আয়ুক্তের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয় । আধিকারিক ও কর্মচারীদের উপস্থিতিতে বিভিন্ন বক্তা বিদায়ী জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতমের কর্মতৎপরতার ভূয়সী প্রশংসা করেন ।এদিকে নতুন জেলা আয়ুক্ত সবার সহযোগীতা কামনা করেন ।

---------------------------------------------------------------------------------------------

স্বচ্ছ ও মেধার ভিত্তিতে নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে রাজ্য সরকার আজ আসাম সচিবালয়ে আসাম ইঞ্জিনিয়ারিং কলেজের দুজন অধক্ষ্য , কারিগরী ও অন্যান্য বিভাগের ৫৯ জন সহকারী অধ্যাপক সহ মোট ৬১ জন প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করে । অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এই

নিযুক্তি সহ কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ২০২১ থেকে এপর্যন্ত এক হাজার ২১০ জন প্রার্থীকে মেধার ভিত্তিতে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

---

আজ একুশে জুলাই । বরাক উপত্যকার ভাষা সংগ্রামের ইতিহাসে আরো একটি স্মরণীয় দিন । ১৯৮৬ সালের আজকের দিনে মাতৃভাষার মর্যাদা রক্ষার লড়াইয়ে তৎকালীন করিমগঞ্জে পুলিশের গুলিতে শহীদ হয়েছিলেন জগন-যীশু নামে খ্যাত দুই যুবক- জগন্ময় দেব এবং দিব্যেন্দু দাস । বরাক উপত্যকার তিন জেলায় আজকের দিনটিকে স্মরণ করে বিভিন্ন দল-সংগঠন শহীদদের স্মৃতিতে বিভিন্ন কার্যসূচী পালন করেছে । বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শ্রীভূমি জেলা শাখা আজ এই উপলক্ষে শহরের শম্ভুসাগর পার্কে শহীদবেদী প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদায় ভাষা শহীদ দিবস পালন করেছে । বিভিন্ন দল, সংগঠন, সামাজিক সংস্থা, সাংস্কৃতিক সংগঠন সহ বহু বিশিষ্ট ব্যক্তি এবং সাধারণ মানুষ শহীদ বেদীতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পণ করেছেন । এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । এই দিবস উপলক্ষে ভাষা শহীদদের আত্মবলিদান এবং বরাকের ভাষা সংগ্রামের ইতিহাস, বর্তমান প্রেক্ষাপট ইত্যাদি বিষয় নিয়ে বিভিন্ন বক্তা প্রাসঙ্গিক বক্তব্য রাখেন।

এদিকে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে শহীদ যগন-যীশু স্মরণে তিনদিনব্যাপী কার্যসূচী গ্রহণ করা হয়েছে । গত শনিবার অর্থাৎ উনিশে জুলাই ‘ শহীদ সুদেষ্ণা সিন্‌হা স্মারক বক্তৃতা দিয়ে এই কার্যসূচীর সূচনা করা হয় । এতে আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ দীপেন্দু দাস ‘প্রেক্ষিতে বরাকে ভাষা সংগ্রাম, প্রতিদিনের ১৯: পাঁচিল ভাঙার অনুবাদ’ শীর্ষক বিষয়ে বক্তৃতা রাখেন । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নিখিল বিষ্ণুপ্রিয়া মণিপুরী মহাসভার উপদেষ্টা এস. চন্দ্রকান্ত সিন্‌হা এবং বিশেষ অতিথি হিসেবে মহাসভার সম্পাদক প্রধান স্বপন সিন্‌হা উপস্থিত ছিলেন । পরদিন অর্থাৎ গতকাল সকালে ‘উনিশকে মনে রেখে মাতৃভাষা চর্চা’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয় । এটি মুলতঃ অষ্টম, নবম এবং দশম শ্রেণীর শিক্ষার্থীদের ক্যুইজ প্রতিযোগিতা । একুশে জুলাই অর্থাৎ আজ কাছাড় জেলার সব আঞ্চলিক সমিতির উদ্যোগে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান এবং আলোচনা সভার আয়োজন করা হয়েছে । আলোচনা সভায় সংগঠনটির কেন্দ্রীয় সমিতির সাধারণ সম্পাদক গৌতম প্রসাদ দত্ত, মিলন উদ্দিন লস্কর, সুশান্ত সেন সহ অন্যান্যরা শহীদদের আত্মত্যাগের ইতিহাস স্মরণ করে ভাষার অধিকার রক্ষায় ঐক্যবদ্ধ আন্দোলনের আহ্বান জানিয়েছেন ।

---

অসম ক্রিকেট সংস্থা আয়োজিত আর জি বরুয়া অর্নুধ-১৬ আন্ত-জেলা টেষ্ট ক্রিকেট প্রতিযোগীতার দক্ষিনাঞ্চলের খেলায় লক্ষীপুর দল এক ইনিংস ও ৯ রানে বিপক্ষ ডিমা হাসাও দলকে পরাজিত করে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত ম্যাচের আজ দ্বিতীয় দিনের খেলায় ডিমা হাসাও দল প্রথম ইনিংসে মাত্র ৩০ রানে অল আউট হয়ে যায় । জবাবে লক্ষীপুর দল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৮৬ রান করতে সক্ষম হয় । লক্ষীপুরের অধিনায়ক তামিল ইকবাল ১১ রানের বিপরীতে ৭ উইকেট লাভ করেন । প্রতিযোগীতায় আগামীকাল হাইলাকান্দি দল খেলবে শিলচর দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব ও আর ইউ বি ক্লাবের মধ্যে খেলা ৩-৩ গোলে ড্র হয়েছে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় সিংগেরবন্দ ফুটবল একাডেমী খেলবে নাইথাং এফ সি- দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------